তারিখ 29 AUG 1992
পৃষ্ঠা 7 কলাম 9

আজকের কাগজ

03

### এবারে এসএসসিতে রেকর্ড পরিমাণ পাস

# শিক্ষার্থীরা শক্ত প্রতিযোগিতার মুখোমুখি

**নজমুল কবির শিপন :** মাধ্যমিক পর্যায়ে নতুন পদ্ধতিতে পরীক্ষা দিয়ে ভাল ফলাফল লাভ করে রেকর্ড পরিমাণ শিক্ষার্থী এখন নতুন ক্লাসে ভর্তির চ্যালেঞ্জ আর শক্ত প্রতিদ্বন্দ্বিতার মুখোমুখি। উদ্বিগ্ন অভিভাবক কুল।

দেশে উচ্চ মাধ্যমিক পর্যায়ের মোট আসন সংখ্যা এবং এবারে ৪টি শিক্ষাবোর্ডের অধীনে এসএসসির ফলাফলের ভিত্তিতে হিসেব করে দেখা যায় মোট পাস করা শিক্ষার্থীর মধ্যে ২৫ হাজার ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিক পর্যায়ে পড়ার সুযোগ পাবে না। দেশের ৪টি শিক্ষাবোর্ডে উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা ৩ লাখ ২১ হাজার ৬৭৫ জন। এর মধ্যে ঢাকা বোর্ডে ১ লাখ ৫ হাজার ৯৯৭ জন, যশোর বোর্ডে ৬১ হাজার ৪০৮ জন, কুমিল্লা বোর্ডে ৮০ হাজার ৯৯ জন এবং রাজশাহী বোর্ডে ৭৪ হাজার ১৭১ জন পাস করেছে। দেশের সরকারি ও বেসরকারি ইন্টারমিডিয়েট ও ডিগ্রী কলেজে মোট আসন সংখ্যা প্রায় ২ লাখ ৯৬ হাজার। এর মধ্যে ২৫টি সরকারি ও ৪১৬টি বেসরকারি উচ্চ মাধ্যমিক কলেজে মোট ১ লাখ ৯০ হাজার ৭০৬টি আসন রয়েছে। ১৮৫টি সরকারি ও ২৬৭টি বেসরকারি ডিগ্রী কলেজে উচ্চ মাধ্যমিক পর্যায়ে রয়েছে মোট ১ লাখ ৩০ হাজার আসন, উচ্চ মাধ্যমিক পর্যায়ে সর্বমোট ২ লাখ ৯৫ হাজার ৭৯৭টি আসন। ফলে আসন না থাকার কারণে ২৫ হাজার শিক্ষার্থী কোন কলেজেই ভর্তি হতে পারবে না।

হিসেব অনুযায়ী ৪টি বোর্ডে প্রথম বিভাগে উত্তীর্ণ মোট শিক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৪৬ হাজার ৪৮১। ২১০টি সরকারি কলেজে মোট আসন সংখ্যা ১ লাখ ৩৭ হাজার।

প্রথম বিভাগে লেটার বা স্টার মার্কসহ উত্তীর্ণ হয়েও প্রায় ১০ হাজার শিক্ষার্থী গর্ব করার মত ফল করেও সরকারি কলেজে ভর্তির সুযোগ পাবে না। ঢাকা বোর্ডে প্রথম বিভাগে পাস করেছে প্রায় ৫৬ হাজার।

উচ্চ মাধ্যমিক পর্যায়ে আসন রয়েছে ৪৮ হাজার, অতএব প্রথম বিভাগে পাস করেও ঢাকার কোন কলেজে পড়ার সুযোগ পাবে না ৬ হাজার শিক্ষার্থী। এর ওপর দেশের সকল সেরা শিক্ষার্থী ঢাকার সেরা সেরা কলেজগুলোতে ভর্তির জন্যে আসে। সেই হিসেবে ঢাকার খ্যাতনামা কলেজগুলোতে ভর্তি হতে হাড্ডাহাড্ডি মেধার লড়াই হবে। এ লড়াইয়ের জন্যে ভাল ছাত্র-ছাত্রীরা এখন ঢাকামুখী। ঢাকার শিক্ষা প্রতিষ্ঠানগুলো ও অতিরিক্ত ঝামেলা এড়াতে ভর্তির আবেদন করার জন্যে সর্বনিম্ন নম্বর বেঁধে দিয়েছে।

অভিজ্ঞ মহলের মতে, ঢাকাসহ সারা দেশের সেরা কলেজগুলোতে বিশেষ করে সরকারি কলেজগুলোতে আসন সংখ্যা বাড়ানো এবং ডাবল শিফট চালু করা প্রয়োজন। ভাল শিক্ষার্থীকে ভালো কলেজে ভর্তির সুযোগ দেয়া জাতীয় দায়িত্ব। নইলে ভালো ফল করে ভালো কলেজে ভর্তি না হতে পারার হতাশা শিক্ষার্থীর সোনালী ভবিষ্যৎ ধূসর করে দেবে।